



আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধের প্রজ্ঞাপন স্থগিত চেয়ে রিট



ছবি: সংগৃহীত

আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধসংক্রান্ত সরকারি প্রজ্ঞাপনের বৈধতা নিয়ে প্রশ্ন তুলে হাইকোর্টে একটি রিট আবেদন করা হয়েছে।

সোমবার (৭ সেপ্টেম্বর) মুন্সীগঞ্জের বাসিন্দা মো. আল আমিনের পক্ষে রিটটি দায়ের করা হয়। এ আবেদনে রিটকারীর আইনজীবী হিসেবে রয়েছেন ইউনুস আলী।

রিট আবেদনে ২০২৫ সালের ১২ মে জারি করা প্রজ্ঞাপনের মাধ্যমে আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ করার সিদ্ধান্ত কেন আইনগত কর্তৃত্বহীনতায় ঘোষণা করা হবে না, সে বিষয়ে রুল জারির আবেদন জানানো হয়েছে।

পাশাপাশি ওই প্রজ্ঞাপনের কার্যকারিতা স্থগিত রাখার নির্দেশনাও চাওয়া হয়েছে।

বিচারপতি জে বি এম হাসান ও বিচারপতি আজিজ আহমদ ভূঞার নেতৃত্বাধীন হাইকোর্ট বেঞ্চে রিট আবেদনটির ওপর শুনানি হতে পারে।

LENS ASIA